গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

এবং

মন্ত্রিপরিষদ সচিব-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২১ - জুন ৩০, ২০২২

## সূচিপত্র

মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র ...... ৩

প্রস্তাবনা ...... ৪

সেকশন ১: মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি ...... ৫

সেকশন ২: মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ...... ৬

সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা ...... ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ...... ১৫

সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক ...... ১৬

সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ ...... ১৮

সংযোজনী ৪: যেসব নীতি/পরিকল্পনার আলোকে কর্মসম্পাদন পরিকল্পনা প্রস্তুত করা হয়েছে ...... ১৯

সংযোজনী ৫-৯: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ ...... ২০

## মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Ministry/Division)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

মধ্যমেয়াদি সামষ্টিক অর্থনৈতিক কাঠামোর আওতায় অর্থনীতির ৪টি প্রধান খাত তথা প্রকৃত, রাজস্ব, আর্থিক ও মুদ্রাখাত এবং বহিঃখাতের চলকসমূহের প্রাক্কলন ও মধ্যমেয়াদি প্রক্ষেপণ করা এবং টেকসই ঋণ ব্যবস্থার মাধ্যমে অর্থবিভাগ আর্থিক খাতের সার্বিক শৃঙ্খলা ও সামষ্টিক অর্থনৈতিক স্থিতিশীলতা বজায় রাখতে সক্ষম হয়েছে। ২০১৮-১৯ অর্থবছরে প্রবৃদ্ধির রেকর্ড ৮.১৫ শতাংশ অর্জনের পর কোভিড-১৯ এর প্রভাবে ২০১৯-২০ অর্থ বছরে তা হ্রাস পেয়ে ৫.২০ শতাংশে দাঁড়িয়েছে। সামাজিক নিরাপত্তাসহ অন্যান্য সামাজিক খাতে লক্ষ্যাভিমুখী সম্পদ সঞ্চালনের ফলে দারিদ্র্য হ্রাস পেয়ে ২০১৮-১৯ অর্থবছরে ২০.৫ শতাংশে এবং অতি দারিদ্র্য হ্রাস পেয়ে ১০.৫ শতাংশে নেমে এসেছে এবং প্রত্যাশিত গড় আয়ুষ্কাল ২০১৯ সালে ৭২.৬ বছরে উন্নীত হয়েছে। কোভিড-১৯ এর প্রভাব হতে অর্থনৈতিক পুনরুদ্ধারের লক্ষ্যে সরকার কর্তৃক ১ লক্ষ ২৮ হাজার ৪৪১ কোটি টাকার (জিডিপি'র ৪.২ শতাংশ) ২৩ টি প্রণোদনা প্যাকেজ বাস্তবায়ন চলমান রয়েছে। এছাড়া, SEIP প্রকল্পের আওতায় দক্ষ জনশক্তি গড়ে তোলার প্রক্রিয়া অব্যাহত রয়েছে। দেশে কর্মসংস্থান খাতে সংস্কারের লক্ষ্যে বিশ্ব ব্যাংকের সাথে গৃহীত ০৩ (তিন) বছর ব্যাপী নীতি সহায়তা ঋণ (Development Policy Credit) কর্মসূচির আওতায় ৩ দফায় মোট ৭৫০ মিলিয়ন মার্কিন ডলার বাজেট সহায়তা পাওয়া গেছে। তাছাড়া কোভিড-১৯ মোকাবেলায় অন্যান্য উন্নয়ন সহযোগী ও দেশের নিকট হতেও ২.৫ বিলিয়ন মার্কিন ডলার বাজেট সহায়তা পাওয়া গেছে। সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের কর্মচারি, পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-কর্মচারি, বিশ্ববিদ্যালয় মন্জুরী কমিশনের কর্মচারি এবং বাংলাদেশের সুপ্রীম কোর্টের উভয় বিভাগের বিচারকগণের অনুকূলে স্বল্প সুদে গৃহ নির্মাণ ঋণ প্রদান করা হচ্ছে। স্ট্রেংদেনিং পাবলিক ফাইন্যান্সিয়াল ম্যানেজমেন্ট প্রোগ্রাম টু এনাবল সার্ভিস ডেলিভারি (এসপিএফএমএস) কর্মসূচির আওতায় ইলেক্ট্রনিক বেতন ও পেনশন নির্ধারণ, পেনশন ডাটাবেজ প্রণয়ন, অনলাইনে বেতন বিল দাখিল, ইলেক্ট্রনিক ফান্ড ট্রান্সফার, সমন্বিত বাজেট ও হিসাব রক্ষণ পদ্ধতি আইবাস++, বাজেট ও হিসাবরক্ষণ শ্রেণিবিন্যাস পদ্ধতি (BACS) ইত্যাদি উদ্ভাবনী কার্যক্রমের মাধ্যমে ১৮.৫ লক্ষ সরকারি কর্মচারি উপকৃত হচ্ছে। স্বায়ত্তশাসিত, আধা-স্বায়ত্তশাসিত, সংবিধিবদ্ধ সরকারি কর্তৃপক্ষ, পাবলিক নন-ফাইন্যানশিয়াল কর্পোরেশনসহ স্ব-শাসিত সংস্থাসমূহের উদবৃত্ত অর্থ সরকারি কোষাগারে জমা প্রদান আইন, ২০২০ অনুযায়ী গত ২০১৯-২০ অর্থবছরে ১৬,০৪৬ কোটি টাকা এবং ২০২০-২১ অর্থবছরে ১৫,৮০০ কোটি টাকা আদায় করা হয়েছে। দেশে প্রথমবারের মতো শরিয়াহ্সম্মত বিনিয়োগ Instrument সুকুক প্রবর্তন করে ২০২০-২১ অর্থবছরে ৮,০০০ কোটি টাকা বিনিয়োগ সংগ্রহ করা হয়েছে। তাছাড়া Bangladesh Infrastructure Development Fund (BIDF) প্রণয়ন করা হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

সামষ্টিক অর্থনৈতিক চলকসমূহের প্রক্ষেপণ প্রক্রিয়ার উন্নতি সাধন, নগদ ব্যবস্থাপনাসহ সার্বিক ঋণ ব্যবস্থাপনার দক্ষতা উন্নয়ন, আর্থ-ব্যবস্থাপনার উন্নয়ন ও সরকারি ব্যয় যৌক্তিকীকরণ, আর্থ-ব্যবস্থাপনায় কর্মকর্তাদের সক্ষমতা বৃদ্ধি উল্লেখযোগ্য চ্যালেঞ্জ। পাশাপাশি, কোভিড-১৯ মহামারীর কারণে বৈশ্বিক অর্থনীতিতে যে মন্দাভাব সৃষ্টি হয়েছে তার প্রভাব বাংলাদেশের অর্থনীতির উপরেও পড়েছে। এ প্রেক্ষাপটে দেশের অর্থনীতির গতি স্বাভাবিক করতে সরকারের গৃহীত বিভিন্ন কার্যক্রমের সফল বাস্তবায়ন একটি চ্যালেঞ্জ।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

আগামী ৩০/০৬/২০২২ তারিখের মধ্যে সকল গ্রেডের শতকরা ৯০ ভাগ কর্মচারির ভবিষ্য তহবিল সম্পর্কিত ব্যবস্থাপনা পদ্ধতি অটোমেশনের আওতায় আনা হবে।

**২০২১-২২ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- রাজস্ব, মুদ্রা ও মুদ্রা বিনিময় হার নীতির সামঞ্জস্য বিধানের লক্ষ্যে মধ্যমেয়াদি সামষ্টিক অর্থনৈতিক কাঠামো (এমটিএমএফ) হালনাগাদকরণ;
- বাজেট ঘাটতি ৬.২ শতাংশের মধ্যে সীমিত রেখে সরকারি ঋণ ধারণক্ষমতা সহনীয় পর্যায়ে রাখা; এবং
- রাষ্ট্রীয় গ্যারান্টির স্বচ্ছতা নিশ্চিতকরণে বাজেট ডকুমেন্টের সঙ্গে দায়ের স্থিতি সংক্রান্ত তথ্য প্রকাশ।

## প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়-এর দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী, প্রতিনিধি হিসাবে সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ-এর মধ্যে ২০২১ সালের জুলাই মাসের ১৮ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision)

দূরদর্শী ও টেকসই সরকারি আর্থ-ব্যবস্থাপনার মাধ্যমে উচ্চ প্রবৃদ্ধি অর্জন।

### ১.২ অভিলক্ষ্য (Mission)

কার্যকর ও দূরদর্শী আর্থিক ব্যবস্থাপনার মাধ্যমে সামষ্টিক অর্থনৈতিক স্থিতিশীলতা (macroeconomic stability) এবং আর্থিক শৃঙ্খলা নিশ্চিত করে উচ্চ প্রবৃদ্ধি অর্জন এবং দারিদ্র্য নিরসন।

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)

#### ১.৩.১ মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. সামষ্টিক অর্থনৈতিক স্থিতিশীলতা বজায় রাখা

২. স্থিতিশীল আর্থ ব্যবস্থাপনা ও সম্পদ বন্টনে দক্ষতার উন্নয়ন

৩. টেকসই ঋণ ব্যবস্থাপনা

৪. আর্থ ব্যবস্থাপনার সংস্কার কার্যক্রম জোরদারকরণ

#### ১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

### ১.৪ কার্যাবলি (Functions)

১. সরকারের রাজস্ব নীতি প্রণয়ন ও পর্যালোচনা এবং সামষ্টিক অর্থনৈতিক ব্যবস্থাপনা;

২. আর্থিক নীতিমালার উপর গবেষণা ও বিশ্লেষণ, এ সংক্রান্ত তথ্য-উপাত্ত সংগ্রহ এবং অর্থনৈতিক সমীক্ষা, বাজেটের অর্থনৈতিক বিশ্লেষণ এবং প্রতিবেদন প্রণয়ন;

৩. সরকারি ও বেসরকারি অংশীদারিত্বের জন্য বিনিয়োগে কারিগরি সহায়তা এবং হিসাব ও নিরীক্ষা সম্পর্কিত বিষয়াদি;

৪. বাজেট প্রণয়ন, অর্থ উপযোজন, পুন:উপযোজন এবং স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান ও কর্পোরেশনসমূহের কার্যাবলি পরিবীক্ষণের মাধ্যমে বাজেট পরীক্ষা ও অনুমোদন;

৫. বেতন স্কেল, বেতন ও ভাতা নির্ধারণ, ছুটি, পেনশন, আনুতোষিক, অবসর সুবিধা, ভ্রমণ ভাতা, সাধারণ ভবিষ্য তহবিল ইত্যাদি এবং এরূপ বিষয়ে বিভিন্ন আর্থিক বিধানাবলি প্রণয়ন ও প্রয়োজনীয় আদেশ জারীকরণ;

৬. বিশ্বব্যাংক এবং এশীয় উন্নয়ন ব্যাংকসহ বিভিন্ন বহুপাক্ষিক এবং দ্বি-পাক্ষিক উন্নয়ন সহযোগী দাতা সংস্থাসমূহের সঙ্গে যোগাযোগ স্থাপন এবং আইএমএফ সংক্রান্ত বিষয়াবলি;

৭. সরকারি ঋণ ও ট্রেজারি ব্যবস্থাপনা;

৮. নতুন পদ সৃজনের প্রস্তাব যাচাই ও নতুন ব্যয়ের পরিকল্পনাসমূহ পরীক্ষাকরণ,আর্থিক শৃঙ্খলা ও জবাবদিহিতা প্রতিষ্ঠা এবং মিতব্যয়িতা অর্জনের লক্ষ্যে সাংগঠনিক কাঠামো ও আর্থিক বিধি-পদ্ধতির উন্নয়নের পরামর্শ প্রদান এবং ব্যয় ব্যবস্থাপনা; এবং

৯. রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানসমূহের কার্যাবলি ও আর্থিক ব্যবস্থাপনা সম্পর্কিত কার্যাদি।

## সেকশন ২
## বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন ২০১৯-২০ | প্রকৃত অর্জন* ২০২০-২১ | লক্ষ্যমাত্রা ২০২১-২২ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২২-২০২৩ | ২০২৩-২০২৪ | | |
| ঘাটতি অর্থায়নে অভ্যন্তরীণ ও বহিঃউৎসের মধ্যে টেকসই ঋণ মিশ্রণ নিশ্চিতকরণ | ঘাটতি অর্থায়ন: অভ্যন্তরীণ উৎস | জিডিপি'র শতকরা হার | ৩.৯ | ৩.৭ | ৩.৩ | ৩.৫ | ৩.৫ | অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড ও বাংলাদেশ ব্যাংক | বাজেট ডকুমেন্টস |
| ঘাটতি অর্থায়নে অভ্যন্তরীণ ও বহিঃউৎসের মধ্যে টেকসই ঋণ মিশ্রণ নিশ্চিতকরণ | ঘাটতি অর্থায়ন: বৈদেশিক উৎস | জিডিপি'র শতকরা হার | ১.৬ | ২.৩ | ২.৯ | ২.২৫ | ২.০ | অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড ও বাংলাদেশ ব্যাংক | বাজেট ডকুমেন্টস |
| বাজেট ঘাটতি ধারণযোগ্য পর্যায়ে রাখা | বাজেট ঘাটতি ধারণযোগ্য পর্যায়ে রাখা | জিডিপি'র শতকরা হার | ৫.৫ | ৬.০ | ৬.২ | ৫.৭৫ | ৫.৫ | অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড ও বাংলাদেশ ব্যাংক | বাজেট ডকুমেন্টস |

*সাময়িক (provisional) তথ্য

## সেকশন ৩
## কর্মসম্পাদন পরিকল্পনা

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৯-২০ | প্রকৃত অর্জন* ২০২০-২১ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২১-২২ | | | | | প্রক্ষেপণ ২০২২-২০২৩ | প্রক্ষেপণ ২০২৩-২০২৪ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | | |
| [১] সামষ্টিক অর্থনৈতিক স্থিতিশীলতা বজায় রাখা | ২৪ | [১.১] রাজস্ব, মুদ্রা ও মুদ্রা বিনিময় হার নীতির সামঞ্জস্য বিধানের লক্ষ্যে মধ্যমেয়াদি সামষ্টিক অর্থনৈতিক কাঠামো (এমটিএমএফ) হালনাগাদ | [১.১.১] হালনাগাদকৃত মধ্যমেয়াদি সামষ্টিক অর্থনৈতিক কাঠামো (এমটিএমএফ) প্রথম হালনাগাদ | তারিখ | তারিখ | ৩ | | ৩১.১২.২০ | ৩১.১২.২১ | ২০.০১.২২ | ২৫.০১.২২ | ২৮.০১.২২ | ৩১.০১.২২ | ৩১.১২.২২ | ৩১.১২.২৩ |
| | | | [১.১.২] হালনাগাদকৃত মধ্যমেয়াদি সামষ্টিক অর্থনৈতিক কাঠামো (এমটিএমএফ) দ্বিতীয় হালনাগাদ | তারিখ | তারিখ | ৩ | | ২০.০৬.২১ | ৩১.০৫.২২ | ২৫.০৬.২২ | ৩০.০৬.২২ | | | ৩১.০৫.২৩ | ৩১.০৫.২৪ |
| | | [১.২] বাজেট বাস্তবায়নের স্বচ্ছতা নিশ্চিতকরণ | [১.২.১] মধ্যমেয়াদি সামষ্টিক অর্থনৈতিক নীতি বিবৃতি প্রকাশিত | তারিখ | তারিখ | ৫ | | ২০.০৬.২১ | ১০.০৬.২২ | ২৫.০৬.২২ | ৩০.০৬.২২ | | | ১০.০৬.২৩ | ১০.০৬.২৪ |
| | | | [১.২.২] বাজেট বাস্তবায়ন অগ্রগতি ও আয়-ব্যয়ের গতিধারা এবং সামষ্টিক অর্থনৈতিক বিশ্লেষণ সংক্রান্ত প্রতিবেদন প্রকাশিত | সমষ্টি | সংখ্যা | ৪ | ৩ | ৩ | ৩ | ২ | ১ | | | ৩ | ৩ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৯-২০ | প্রকৃত অর্জন* ২০২০-২১ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২১-২২ | | | | | প্রক্ষেপণ ২০২২-২০২৩ | প্রক্ষেপণ ২০২৩-২০২৪ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | | |
| | | | [১.২.৩] ওয়েবসাইটে প্রকাশিত “Report on Fiscal Position” | সমষ্টি | সংখ্যা | ৩ | ১২ | ১২ | ৮ | ৭ | ৬ | ৫ | ৪ | ৮ | ৮ |
| | | | [১.২.৪] ওয়েবসাইটে প্রকাশিত “Macro-Fiscal Update” | সমষ্টি | সংখ্যা | ৩ | ১২ | ১২ | ৮ | ৭ | ৬ | ৫ | ৪ | ৮ | ৮ |
| | | [১.৩] সামষ্টিক অর্থনৈতিক বিষয়ে সহায়তা ও পরামর্শ প্রদান | [১.৩.১] প্রস্তুতকৃত পলিসি নোটস | সমষ্টি | সংখ্যা | ৩ | ৩ | ৩ | ১ | ০ | ০ | | | ১ | ১ |
| [২] স্থিতিশীল আর্থ ব্যবস্থাপনা ও সম্পদ বন্টনে দক্ষতার উন্নয়ন | ২১ | [২.১] টেকসই অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনের লক্ষ্য সম্পদের বরাদ্দ বৃদ্ধি | [২.১.১] সরকারি ব্যয়, জিডিপি'র শতকরা হার | গড় | % | ৪ | ১৫.০ | ১৫.০ | ১৬ | ১৫ | ১৪.৫ | ১৪ | ১৩.৫ | ১৬.২৫ | ১৬.৫০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৯-২০ | প্রকৃত অর্জন* ২০২০-২১ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২১-২২ | | | | | প্রক্ষেপণ ২০২২-২০২৩ | প্রক্ষেপণ ২০২৩-২০২৪ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমুহ | | | | | | | | | | | | | | | |
| | | [২.২] বাজেট ঘাটতি ধারণযোগ্য পর্যায়ে রাখা | [২.২.১] বাজেট ঘাটতি, জিডিপি'র শতকরা হার | গড় | % | ৪ | ৫.০ | ৬.০ | ৬.২ | ৬.৩ | ৬.৫ | ৬.৭ | ৬.৮ | ৬.০ | ৬.০ |
| | | [২.৩] রাজস্ব আয় ও ব্যয়ের ক্ষেত্র বাজেট প্রাক্কলন ও প্রকৃত অর্জনের মধ্য ব্যবধান হ্রাস | [২.৩.১] বাজেটে প্রাক্কলিত লক্ষ্যমাত্রার তুলনায় প্রকৃত কর বহির্ভূত রাজস্ব (non tax revenue) আদায়ের শতকরা হার | গড় | % | ৫ | ৯০ | ৯১ | ৯২ | ৯০ | ৮৫ | ৮০ | ৭৫ | ৯২ | ৯২ |
| | | [২.৪] বাজেট প্রণয়ন প্রক্রিয়ায় গুরুত্বপূর্ণ অংশীজনের (মাননীয় সংসদ সদস্যগণ, অর্থনীতিবিদ, ব্যবসায়ী সংগঠন) সঙ্গে আলোচনা ও পরামর্শ প্রণয়ন | [২.৪.১] মন্ত্রণালয়/বিভাগের MBF প্রতিবেদন শতভাগ মূল্যায়ণ | তারিখ | % | ৫ | ১০০ | ১০০ | ৩১.০৫.২২ | ০২.০৬.২২ | ০৪.০৬.২২ | ০৮.০৬.২২ | ১০.০৬.২২ | ৩১.০৫.২৩ | ৩১.০৫.২৪ |
| | | | [২.৪.২] অনুষ্ঠিত প্রাক-বাজেট সভা | সমষ্টি | সংখ্যা | ৩ | ৫ | ৫ | ৩ | ২ | ১ | | | ৫ | ৫ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৯-২০ | প্রকৃত অর্জন* ২০২০-২১ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২১-২২ | | | | | প্রক্ষেপণ ২০২২-২০২৩ | প্রক্ষেপণ ২০২৩-২০২৪ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | | |
| [৩] টেকসই ঋণ ব্যবস্থাপনা | ১৪ | [৩.১] ঋণ ব্যবস্থাপনা সংশ্লিষ্ট বিভিন্ন দপ্তরের সঙ্গে নিয়মিত আলোচনা | [৩.১.১] নগদ ও ঋণ ব্যবস্থাপনা কারিগরি কমিটির (CDMTC) অনুষ্ঠিত সভা | সমষ্টি | সংখ্যা | ৩ | ৯ | ৬ | ৬ | ৫ | ৪ | ৩ | ২ | ৬ | ৬ |
| | | | [৩.১.২] নগদ ও ঋণ ব্যবস্থাপনা কারিগরি কমিটির (CDMC) সভা | সমষ্টি | সংখ্যা | ২ | ২ | ২ | ২ | ১ | | | | ২ | ২ |
| | | [৩.২] ট্রেজারি বিল ও বন্ডের নিলাম পঞ্জিকা প্রণয়ন ও ওয়েবসাইটে প্রকাশ | [৩.২.১] প্রকাশিত ট্রেজারি বিলের নিলাম পঞ্জিকা | সমষ্টি | সংখ্যা | ২ | ১২ | ১২ | ১২ | ১১ | ১০ | ৯ | ৮ | ১২ | ১২ |
| | | | [৩.২.২] প্রকাশিত ট্রেজারি বিলের ষান্মাষিক নিলাম পঞ্জিকা | সমষ্টি | সংখ্যা | ২ | ২ | ২ | ২ | ১ | | | | ২ | ২ |
| | | [৩.৩] রাষ্ট্রীয় গ্যারান্টির স্বচ্ছতা নিশ্চিতকরণে বাজেট ডকুমেন্টের সঙ্গে দায়ের স্থিতি সংক্রান্ত তথ্য নিয়মিত প্রকাশ | [৩.৩.১] প্রকাশিত তথ্য | তারিখ | তারিখ | ৫ | ৩০.০৬.২০ | ২০.০৬.২১ | ২০.০৬.২২ | ২৫.০৬.২২ | ৩০.০৬.২২ | | | ২০.০৬.২৩ | ২০.০৬.২৪ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৯-২০ | প্রকৃত অর্জন* ২০২০-২১ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২১-২২ | | | | | প্রক্ষেপণ ২০২২-২০২৩ | প্রক্ষেপণ ২০২৩-২০২৪ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমুহ** | | | | | | | | | | | | | | | |
| [৪] আর্থ ব্যবস্থাপনার সংস্কার কার্যক্রম জোরদারকরণ | ১১ | [৪.১] বাজেট ও হিসাব ব্যবস্থাপনার জন্য নতুন মডিউল (iBAS++) সংযোজন | [৪.১.১] নতুন মডিউল প্রস্তুত, পাইলটিং ও চালুকরণ | গড় | % | ২ | ১০০ | ১০০ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | ১০০ | ১০০ |
| | | [৪.২] নতুন বাজেট ও হিসাব শ্রেণিবিন্যাস পদ্ধতি অনুযায়ী সরকারের প্রাপ্তি আদায় | [৪.২.১] নতুন ৫৬ ডিজিটাল হিসাব শ্রেণিবিন্যাস কোডে সরকারের প্রাপ্তি আদায় | গড় | % | ২ | ৯০ | ৯০ | ৯২ | ৮৫ | ৮০ | ৭৫ | ৭০ | ৯২ | ৯২ |
| | | [৪.৩] সরকারি আর্থিক ব্যবস্থাপনা বিষয়ে বিভিন্ন মন্ত্রণালয়ের কর্মকর্তাদের দক্ষতা বৃদ্ধি | [৪.৩.১] প্রশিক্ষিত কর্মকর্তা | সমষ্টি | সংখ্যা | ৫ | ৪০০ | ৪০০ | ৫০০ | ৪০০ | ৩০০ | ২০০ | ১০০ | ৫০০ | ৫০০ |
| | | [৪.৪] অর্থ বিভাগের কর্মকর্তা/কর্মচারিদের দক্ষতা উন্নয়নে সমসাময়িক বিষয়ে লার্নিং সেশন আয়োজন | [৪.৪.১] লার্নিং সেশন অনুষ্ঠিত | সমষ্টি | সংখ্যা | ২ | | | ৬ | ৫ | ৪ | ৩ | ২ | ৬ | ৬ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৯-২০ | প্রকৃত অর্জন* ২০২০-২১ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২১-২২ | | | | | প্রক্ষেপণ ২০২২-২০২৩ | প্রক্ষেপণ ২০২৩-২০২৪ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমুহ | | | | | | | | | | | | | | | |
| [১] সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | ৩০ | [১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.২] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.২.১] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৩.১] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৪ | | | | | | | | | |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |
| | | [১.৫] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৫.১] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় মাননীয় মন্ত্রী, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়-এর প্রতিনিধি হিসাবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি মন্ত্রিপরিষদ সচিবের নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, মন্ত্রিপরিষদ সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

| | |
|---|---|
| সিনিয়র সচিব<br>অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় | ১৮-০৭-২০২১<br>তারিখ |
| মন্ত্রিপরিষদ সচিব<br>মন্ত্রিপরিষদ বিভাগ | ১৮.০৭.২০২১<br>তারিখ |

# সংযোজনী-১

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | Allocation of Business | অর্থ বিভাগের কার্যবন্টন তালিকা |
| ২ | DMFAS V6.0 | Debt Management and Financial Analysis System. Version 6.0 |
| ৩ | DSA | Debt Sustainability Analysis |
| ৪ | iBAS ++ | Integrated Budget and Accounting System. Version ++ |
| ৫ | MTDS | MTDS Medium Term Debt Strategy |
| ৬ | Sustainable Development Goals | টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা |
| ৭ | এনটিআর | নন ট্যাক্স রেভিনিউ |
| ৮ | এমটিএমএফ (MTMF) | মধ্যমেয়াদি সামষ্টিক অর্থনৈতিক কাঠামো (Medium Term Macro Economic Framework) |
| ৯ | জিডিপি (GDP) | জাতীয় অভ্যন্তরীণ উৎপাদন (Gross Domestic Product) |
| ১০ | সিডিএমটিসি (CDMTC) | নগদ ও ঋণ ব্যবস্থাপনা কারিগরি কমিটি (Cash & Debt Management Technical Committee) |

## সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [১.১] রাজস্ব, মুদ্রা ও মুদ্রা বিনিময় হার নীতির সামঞ্জস্য বিধানের লক্ষ্যে মধ্যমেয়াদি সামষ্টিক অর্থনৈতিক কাঠামো (এমটিএমএফ) হালনাগাদ | [১.১.১] হালনাগাদকৃত মধ্যমেয়াদি সামষ্টিক অর্থনৈতিক কাঠামো (এমটিএমএফ) প্রথম হালনাগাদ | সামষ্টিক অর্থনীতি অনুবিভাগ, অর্থ বিভাগ | অর্থ বিভাগের বার্ষিক প্রতিবেদন এবং মধ্যমেয়াদি সামষ্টিক অর্থনৈতিক নীতি-বিবৃতি |
| | [১.১.২] হালনাগাদকৃত মধ্যমেয়াদি সামষ্টিক অর্থনৈতিক কাঠামো (এমটিএমএফ) দ্বিতীয় হালনাগাদ | সামষ্টিক অর্থনীতি অনুবিভাগ, অর্থ বিভাগ | অর্থ বিভাগের বার্ষিক প্রতিবেদন এবং মধ্যমেয়াদি সামষ্টিক অর্থনৈতিক নীতি-বিবৃতি |
| [১.২] বাজেট বাস্তবায়নের স্বচ্ছতা নিশ্চিতকরণ | [১.২.১] মধ্যমেয়াদি সামষ্টিক অর্থনৈতিক নীতি বিবৃতি প্রকাশিত | সামষ্টিক অর্থনীতি অনুবিভাগ, অর্থ বিভাগ | নীতি বিবৃতিটির মুদ্রিত কপিসহ অর্থ বিভাগের ওয়েবসাইটে প্রকাশনা |
| | [১.২.২] বাজেট বাস্তবায়ন অগ্রগতি ও আয়-ব্যয়ের গতিধারা এবং সামষ্টিক অর্থনৈতিক বিশ্লেষণ সংক্রান্ত প্রতিবেদন প্রকাশিত | সামষ্টিক অর্থনীতি অনুবিভাগ, অর্থ বিভাগ | প্রতিবেদনটি মুদ্রিত কপিসহ অর্থ বিভাগের ওয়েবসাইটে প্রকাশনা |
| [১.২] বাজেট বাস্তবায়নের স্বচ্ছতা নিশ্চিতকরণ | [১.২.৩] ওয়েবসাইটে প্রকাশিত "Report on Fiscal Position" | সামষ্টিক অর্থনীতি অনুবিভাগ, অর্থ বিভাগ | অর্থ বিভাগের ওয়েবসাইটে প্রকাশিত রিপোর্ট [www.mof.gov.bd] |
| | [১.২.৪] ওয়েবসাইটে প্রকাশিত "Macro-Fiscal Update" | সামষ্টিক অর্থনীতি অনুবিভাগ, অর্থ বিভাগ | অর্থ বিভাগের ওয়েবসাইটে প্রকাশিত রিপোর্ট [www.mof.gov.bd] |
| [১.৩] সামষ্টিক অর্থনৈতিক বিষয়ে সহায়তা ও পরামর্শ প্রদান | [১.৩.১] প্রস্তুতকৃত পলিসি নোটস | সামষ্টিক অর্থনীতি অনুবিভাগ, অর্থ বিভাগ | অর্থ বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| [২.১] টেকসই অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনের লক্ষ্য সম্পদের বরাদ্দ বৃদ্ধি | [২.১.১] সরকারি ব্যয়, জিডিপি'র শতকরা হার | সকল মন্ত্রণালয়/বিভাগ ও এর অধীনস্থ দপ্তরসমূহ | বাজেট ডকুমেন্টস |
| [২.২] বাজেট ঘাটতি ধারণযোগ্য পর্যায়ে রাখা | [২.২.১] বাজেট ঘাটতি, জিডিপি'র শতকরা হার | বাজেট-১ অনুবিভাগ, অর্থ বিভাগ | বাজেট ডকুমেন্টস |
| [২.৩] রাজস্ব আয় ও ব্যয়ের ক্ষেত্র বাজেট প্রাক্কলন ও প্রকৃত অর্জনের মধ্য ব্যবধান হ্রাস | [২.৩.১] বাজেটে প্রাক্কলিত লক্ষ্যমাত্রার তুলনায় প্রকৃত কর বহির্ভূত রাজস্ব (non tax revenue) আদায়ের শতকরা হার | ট্রেজারি ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগ, অর্থ বিভাগ | বাজেট ডকুমেন্টস |
| [২.৪] বাজেট প্রণয়ন প্রক্রিয়ায় গুরুত্বপূর্ণ অংশীজনের (মাননীয় সংসদ সদস্যগণ, অর্থনীতিবিদ, ব্যবসায়ী সংগঠন) সঙ্গে আলোচনা ও পরামর্শ প্রণয়ন | [২.৪.১] মন্ত্রণালয়/বিভাগের MBF প্রতিবেদন শতভাগ মূল্যায়ণ | বাজেট-১ অনুবিভাগ, অর্থ বিভাগ | অর্থ বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| | [২.৪.২] অনুষ্ঠিত প্রাক-বাজেট সভা | বাজেট-১ অনুবিভাগ, অর্থ বিভাগ | অর্থ বিভাগের বার্ষিক প্রতিবেদন |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [৩.১] ঋণ ব্যবস্থাপনা সংশ্লিষ্ট বিভিন্ন দপ্তরের সঙ্গে নিয়মিত আলোচনা | [৩.১.১] নগদ ও ঋণ ব্যবস্থাপনা কারিগরি কমিটির (CDMTC) অনুষ্ঠিত সভা | অর্থ বিভাগের ট্রেজারি ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগ; অর্থনৈতিক সম্পর্ক বিভাগ; বাংলাদেশ ব্যাংক; সঞ্চয় অধিদপ্তর; হিসাব মহা নিয়ন্ত্রকের কার্যালয় | অর্থ বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| | [৩.১.২] নগদ ও ঋণ ব্যবস্থাপনা কারিগরি কমিটির (CDMC) সভা | অর্থ বিভাগের ট্রেজারি ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগ; অর্থনৈতিক সম্পর্ক বিভাগ; বাংলাদেশ ব্যাংক; সঞ্চয় অধিদপ্তর; হিসাব মহা নিয়ন্ত্রকের কার্যালয় | অর্থ বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| [৩.২] ট্রেজারি বিল ও বন্ডের নিলাম পঞ্জিকা প্রণয়ন ও ওয়েবসাইটে প্রকাশ | [৩.২.১] প্রকাশিত ট্রেজারি বিলের নিলাম পঞ্জিকা | ট্রেজারি ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগ, অর্থ বিভাগ | বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইট |
| | [৩.২.২] প্রকাশিত ট্রেজারি বিলের ষান্মাষিক নিলাম পঞ্জিকা | ট্রেজারি ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগ, অর্থ বিভাগ | বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইট |
| [৩.৩] রাষ্ট্রীয় গ্যারান্টির স্বচ্ছতা নিশ্চিতকরণে বাজেট ডকুমেন্টের সঙ্গে দায়ের স্থিতি সংক্রান্ত তথ্য নিয়মিত প্রকাশ | [৩.৩.১] প্রকাশিত তথ্য | ট্রেজারি ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগ, অর্থ বিভাগ | বাজেট ডকুমেন্টস |
| [৪.১] বাজেট ও হিসাব ব্যবস্থাপনার জন্য নতুন মডিউল (iBAS++) সংযোজন | [৪.১.১] নতুন মডিউল প্রস্তুত, পাইলটিং ও চালুকরণ | বাজেট-১ অনুবিভাগ, অর্থ বিভাগ | অর্থ বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| [৪.২] নতুন বাজেট ও হিসাব শ্রেণিবিন্যাস পদ্ধতি অনুযায়ী সরকারের প্রাপ্তি আদায় | [৪.২.১] নতুন ৫৬ ডিজিটাল হিসাব শ্রেণিবিন্যাস কোডে সরকারের প্রাপ্তি আদায় | বাজেট-১ অনুবিভাগ, অর্থ বিভাগ | অর্থ বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| [৪.৩] সরকারি আর্থিক ব্যবস্থাপনা বিষয়ে বিভিন্ন মন্ত্রণালয়ের কর্মকর্তাদের দক্ষতা বৃদ্ধি | [৪.৩.১] প্রশিক্ষিত কর্মকর্তা | অর্থ বিভাগ, ইনস্টিটিউট অব পাবলিক ফাইন্যান্স (আইপিএফ) | অর্থ বিভাগের বার্ষিক প্রতিবেদন ও বাজেট ডকুমেন্টস |
| [৪.৪] অর্থ বিভাগের কর্মকর্তা/কর্মচারিদের দক্ষতা উন্নয়নে সমসাময়িক বিষয়ে লার্নিং সেশন আয়োজন | [৪.৪.১] লার্নিং সেশন অনুষ্ঠিত | প্রশাসন ও সমন্বয়, অনুবিভাগ, অর্থ বিভাগ | অর্থ বিভাগের বার্ষিক প্রতিবেদন ও বাজেট ডকুমেন্টস |

## সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট | সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল |
|---|---|---|---|
| রাজস্ব আয় ও ব্যয়ের ক্ষেত্র বাজেট প্রাক্কলন ও প্রকৃত অর্জনের মধ্য ব্যবধান হ্রাস | বাজেটে প্রাক্কলিত লক্ষ্যমাত্রার তুলনায় প্রকৃত কর বহির্ভূত রাজস্ব (non tax revenue) আদায়ের শতকরা হার | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয় | বাজেটের লক্ষ্যমাত্রা অনুযায়ী রাজস্ব আদায়ে ত্রৈমাসিক/ প্রয়োজন অনুযায়ী মতবিনিময় সভার আয়োজন করা। |
| বাজেট ঘাটতি ধারণযোগ্য পর্যায়ে রাখা | বাজেট ঘাটতি, জিডিপির শতকরা হার | অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয় | অনুকুল শর্তে বৈদেশিক ঋণ সহায়তা বৃদ্ধির জন্য সময়ে সময়ে পর্যালোচনা সভার আয়োজন করা। |

## সংযোজনী ৪: যেসব নীতি/পরিকল্পনার আলোকে কর্মসম্পাদন পরিকল্পনা প্রস্তুত করা হয়েছে

| ক্রমিক নম্বর | নীতি/পরিকল্পনার নাম | নীতি/পরিকল্পনার যে অংশের আলোকে এপিএ'র কার্যক্রম গ্রহণ করা হয়েছে | এপিএ'র সংশ্লিষ্ট কার্যক্রম | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ১) Rules of Business and Allocation of Business, ২) SDG, ৩) প্রেক্ষিত পরিকল্পনা ২০২১-২০৪১, ৪) ৮ম পঞ্চম বার্ষিক পরিকল্পনা, ৫) Bangladesh Delta Plan-2100, ৬) Election Manifesto, 2018. | ১) প্রেক্ষিত পরিকল্পনা ২০২১-২০৪১, অধ্যায়-৩। ২) ৮ম পঞ্চম বার্ষিক পরিকল্পনা, অধ্যায়-৩। ৩) SDG-Goal-17, target 17.13, ৪) Election Manifesto 2018 (In order to increase the rate of new capital generation in the private sector), ৫) Election Manifesto 2018 (Towards making necessary reforms in budget process, poverty Alleviation, Reduction of discrimination), ৬) প্রেক্ষিত পরিকল্পনা ২০২১-২০৪১, অধ্যায়-৩, ৭) Rules of Business and Allocation of Business | ১.১ রাজস্ব, মুদ্রা ও মুদ্রা বিনিময় হার নীতির সামঞ্জস্য বিধানের লক্ষ্যে মধ্যমেয়াদি সামষ্টিক অর্থনৈতিক কাঠামো (এমটিএমএফ) হালনাগাদ, ১.২ বাজেট বাস্তবায়নের স্বচ্ছতা নিশ্চিতকরণ, ১.৩ সামষ্টিক অর্থনৈতিক বিষয়ে সহায়তা ও পরামর্শ প্রদান। | |
| ২ | ১) Rules of Business and Allocation of Business, ২) SDG, ৩) প্রেক্ষিত পরিকল্পনা ২০২১-২০৪১,৪) ৮ম পঞ্চম বার্ষিক পরিকল্পনা, ৫) Bangladesh Delta Plan-2100, ৬) Election Manifesto, 2018. | ১) প্রেক্ষিত পরিকল্পনা ২০২১-২০৪১, অধ্যায়-৩। ২) ৮ম পঞ্চম বার্ষিক পরিকল্পনা, অধ্যায়-৩। ৩) SDG-Goal- ১,২,৫,৮,১২,১৫,১৬,১৭ , ৪) Election Manifesto 2018 (In order to increase the rate of new capital generation in the private sector), ৫) Election Manifesto 2018 (Towards making necessary reforms in budget process, poverty Alleviation, Reduction of discrimination), ৬) প্রেক্ষিত পরিকল্পনা ২০২১-২০৪১, অধ্যায়-৩, ৭) Rules of Business and Allocation of Business. | ২.১ টেকসই অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনের লক্ষ্য সম্পদের বরাদ্দ বৃদ্ধি, ২.২ বাজেট ঘাটতি ধারণযোগ্য পর্যায়ে রাখা, ২.৩ রাজস্ব আয় ও ব্যয়ের ক্ষেত্র বাজেট প্রাক্কলন ও প্রকৃত অর্জনের মধ্য ব্যবধান হ্রাস, ২.৪ বাজেট প্রণয়ন প্রক্রিয়ায় গুরুত্বপূর্ণ অংশীজনের (মাননীয় সংসদ সদস্যগণ, অর্থনীতিবিদ, ব্যবসায়ী সংগঠন) সঙ্গে আলোচনা ও পরামর্শ প্রণয়ন | |
| ৩ | ১) Rules of Business and Allocation of Business, ২) SDG, ৩) প্রেক্ষিত পরিকল্পনা ২০২১-২০৪১, ৪) ৮ম পঞ্চম বার্ষিক পরিকল্পনা, ৫) Bangladesh Delta Plan-2100, ৬) Election Manifesto, 2018. | ১) প্রেক্ষিত পরিকল্পনা ২০২১-২০৪১, অধ্যায়-৩। ২) ৮ম পঞ্চম বার্ষিক পরিকল্পনা, অধ্যায়-৩। ৩) SDG-Goal-17, target 17.13, ৪) Election Manifesto 2018 (In order to increase the rate of new capital generation in the private sector), ৫) Election Manifesto 2018 (Towards making necessary reforms in budget process, poverty Alleviation, Reduction of discrimination), ৬) প্রেক্ষিত পরিকল্পনা ২০২১-২০৪১, অধ্যায়-৩, ৭) Rules of Business and Allocation of Business | ৩.১ ঋণ ব্যবস্থাপনা সংশ্লিষ্ট বিভিন্ন দপ্তরের সঙ্গে নিয়মিত আলোচনা, ৩.২ ট্রেজারি বিল ও বন্ডের নিলাম পঞ্জিকা প্রণয়ন ও ওয়েবসাইটে প্রকাশ, ৩.৩ রাষ্ট্রীয় গ্যারান্টির স্বচ্ছতা নিশ্চিতকরণে বাজেট ডকুমেন্টের সঙ্গে দায়ের স্থিতি সংক্রান্ত তথ্য নিয়মিত প্রকাশ | |
| ৪ | ১) Rules of Business and Allocation of Business, ২) SDG, ৩) প্রেক্ষিত পরিকল্পনা ২০২১-২০৪১, ৪) ৮ম পঞ্চম বার্ষিক পরিকল্পনা, ৫) Bangladesh Delta Plan-2100, ৬) Election Manifesto, 2018. | ১) প্রেক্ষিত পরিকল্পনা ২০২১-২০৪১, অধ্যায়-৩। ২) ৮ম পঞ্চম বার্ষিক পরিকল্পনা, অধ্যায়-৩। ৩) SDG-Goal- ১,২,৫,৮,১২,১৫,১৬,১৭ , ৪) Election Manifesto 2018 (In order to increase the rate of new capital generation in the private sector), ৫) Election Manifesto 2018 (Towards making necessary reforms in budget process, poverty Alleviation, Reduction of discrimination), ৬) প্রেক্ষিত পরিকল্পনা ২০২১-২০৪১, অধ্যায়-৩, ৭) Rules of Business and Allocation of Business. | ৪.১ বাজেট ও হিসাব ব্যবস্থাপনার জন্য নতুন সফটওয়্যার (iBAS++) সংযোজন, ৪.২ নতুন বাজেট ও হিসাব শ্রেণীবিন্যাস পদ্ধতি অনুযায়ী সরকারের প্রাপ্তি আদায়, ৪.৩ সরকারি আর্থিক ব্যবস্থাপনা বিষয়ে বিভিন্ন মন্ত্রণালয়ের কর্মকর্তাদের দক্ষতা বৃদ্ধি | |

# সংযোজনী ৫-৯: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ

## সংযোজনী ৫ : মন্ত্রণালয় রাষ্ট্রীয় প্রতিষ্ঠানের/বিভাগ/ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২০২২

মন্ত্রণালয় রাষ্ট্রীয় প্রতিষ্ঠানের/বিভাগ/নাম: অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

| কার্যক্রমের নাম | কর্মসম্পাদন সূচক | সূচকের মান | একক | বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/পদ | ২০২১-২০২২ অর্থবছরের লক্ষ্যমাত্রা | বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ, ২০২১-২০২২ লক্ষ্যমাত্রা /অর্জন | ১ম কোয়ার্টার | ২য় কোয়ার্টার | ৩য় কোয়ার্টার | ৪র্থ কোয়ার্টার | মোট অর্জন | অর্জিত মান | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ |
| **১. প্রাতিষ্ঠানিক ব্যবস্থা........................................** | | | | | | | | | | | | | |
| ১.১ নৈতিকতা কমিটির সভা আয়োজন | সভা আয়োজিত | ৪ | সংখ্যা | বাজেট ও পরিকল্পনা | ৪ | লক্ষ্যমাত্রা | ১ | ১ | ১ | ১ | | | |
| | | | | | | অর্জন | | | | | | | |
| ১.২ নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | বাস্তবায়িত সিদ্ধান্ত | ৬ | % | বাজেট ও পরিকল্পনা | | লক্ষ্যমাত্রা | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | | | |
| | | | | | | অর্জন | | | | | | | |
| ১.৩ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা | অনুষ্ঠিত সভা | ২ | সংখ্যা | প্রশিক্ষণ | ২ | লক্ষ্যমাত্রা | ১ | | ১ | - | | | |
| | | | | | | অর্জন | | | | | | | |
| ১.৪ শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন | প্রশিক্ষণ আয়োজিত | ২ | সংখ্যা | প্রশিক্ষণ | ২ | লক্ষ্যমাত্রা | ১ | - | ১ | - | | | |
| | | | | | | অর্জন | | | | | | | |
| ১.৫ কর্ম-পরিবেশ উন্নয়ন (স্বাস্থ্যবিধি অনুসরণ/টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল বিনষ্টকরণ/পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি ইত্যাদি | উন্নত কর্ম-পরিবেশ | ২ | সংখ্যা ও তারিখ | প্রশাসন-৩ | ২<br>৩১/১২/২১<br>৩০/৬/২২ | লক্ষ্যমাত্রা | | ৩১/১২/ ২০২১ | | ৩০/৬/ ২০২২ | | | সংযুক্তি-১ |
| | | | | | | অর্জন | | | | | | | |
| ১.৬ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২২ ও ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে দাখিল ও স্বস্ব ওয়েবসাইটে আপলোডকরণ | কর্মপরিকল্পনা ও ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত ও আপলোডকৃত | ১ | তারিখ | বাজেট ও পরিকল্পনা | ৩০/৪/২১<br>১৭/১০/২১<br>১৬/১/২২<br>১৭/৪/২২<br>১৫/৭/২২ | লক্ষ্যমাত্রা | ৩০/৪/২১<br>১৭/১০/২১ | ১৬/১/২২ | ১৭/৪/২২ | ১৫/৭/২২ | | | |
| | | | | | | অর্জন | | | | | | | |
| ১.৭ আওতাধীন দপ্তর/সংস্থা (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান | ফিডব্যাক সভা/কর্মশালা অনুষ্ঠিত | ৪ | তারিখ | বাজেট ও পরিকল্পনা | ২৫/১০/২১<br>২৫/১/২২<br>২৫/৪/২২<br>১৫/৭/২২ | লক্ষ্যমাত্রা | ২৫/১০/ ২১ | ২৫/১/২২ | ২৫/৪/ ২২ | ১৫/৭/ ২২ | | | |
| | | | | | | অর্জন | | | | | | | |
| ১.৮ শুদ্ধাচার পুরস্কার প্রদান এবং পুরস্কারপ্রাপ্তদের তালিকা ওয়েবসাইটে প্রকাশ | প্রদত্ত পুরস্কার | ১ | তারিখ | বাজেট ও পরিকল্পনা | ৩০/৬/২২ | লক্ষ্যমাত্রা | | | | ৩০/৬/ ২০২২ | | | |
| | | | | | | অর্জন | | | | | | | |
| **২. আর্থিক ব্যবস্থাপনা উন্নয়ন ........................................** | | | | | | | | | | | | | |
| ২.১ ২০২১-২২ অর্থবছরের ক্রয়-পরিকল্পনা (প্রকল্পের অনুমোদিত বার্ষিক ক্রয়পরিকল্পনাসহ) ওয়েবসাইটে প্রকাশ | ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশিত | ২ | তারিখ | বাজেট ও পরিকল্পনা | ৩০/৯/২১ | লক্ষ্যমাত্রা | ৩০/৯/২১ | | | | | | |
| | | | | | | অর্জন | | | | | | | |

| কার্যক্রমের নাম | কর্মসম্পাদন সূচক | সূচকের মান | একক | বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/পদ | ২০২১-২০২২ অর্থবছরের লক্ষ্যমাত্রা | বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ, ২০২১-২০২২ লক্ষ্যমাত্রা/অর্জন | ১ম কোয়ার্টার | ২য় কোয়ার্টার | ৩য় কোয়ার্টার | ৪র্থ কোয়ার্টার | মোট অর্জন | অর্জিত মান | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ |
| ২.২ প্রকল্পের PSC ও PIC সভা আয়োজন | সভা আয়োজিত | ২ | সংখ্যা | সামষ্টিক অর্থনীতি অনুবিভাগ | ৪ | লক্ষ্যমাত্রা | ২ | ২ | ২ | ২ | | | সংযুক্তি-২ |
| | | | | | | অর্জন | | | | | | | |
| ২.৩ বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন | বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়িত | ২ | % | সামষ্টিক অর্থনীতি অনুবিভাগ | ১০০ | লক্ষ্যমাত্রা | ১০ | ২৫ | ৩০ | ৩০ | | | |
| | | | | | | অর্জন | | | | | | | |
| ২.৪ প্রকল্প সমাপ্তিশেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধিমোতাবেক হস্তান্তর করা | প্রকল্পের সম্পদ বিধিমোতাবেক হস্তান্তরিত | ২ | তারিখ | সামষ্টিক অর্থনীতি অনুবিভাগ | | লক্ষ্যমাত্রা | | | | | | | প্রকল্প সমাপ্ত না হওয়ায় প্রযোজ্য নয় |
| | | | | | | অর্জন | | | | | | | |
| ৩. **শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম……………..** (অগ্রাধিকার ভিত্তিতে নুন্যতম পাঁচটি কার্যক্রম) | | | | | | | | | | | | | |
| ৩.১ অর্থ বিভাগের কর্মকর্তাদের নিয়ে Integrity camp- | ক্যাম্প আয়োজিত | ৪ | তারিখ | বাজেট ও পরিকল্পনা | ২ (৩১/ ১২/ ২০২১ ও ৩০ /৬/২০২২) | লক্ষ্যমাত্রা | | ৩১/১২/ ২০২১ | | ৩০/৬/ ২০২২ | | | |
| | | | | | | অর্জন | | | | | | | |
| ৩.২ মাঠ পর্যায়ের অধিনস্থ অফিসসমূহে "Service Delivey Survey' | সার্ভে সম্পন্নকরণ | ৪ | সংখ্যা | বাজেট ও পরিকল্পনা | ২ | লক্ষ্যমাত্রা | ১ | | ১ | | | | |
| | | | | | | অর্জন | | | | | | | |
| ৩.৩ Virtual Seminar : 'Government to 'Governed' on integrity | সভা আয়োজিত | ৪ | সংখ্যা | বাজেট ও পরিকল্পনা | ১ | লক্ষ্যমাত্রা | | ১ | | | | | |
| | | | | | | অর্জন | | | | | | | |
| ৩.৪ দুর্নীতি সংক্রান্ত মামলাসমূহের তথ্য ওয়েবসাইটে প্রকাশ | দুর্নীতি মামলা ওয়েবসাইটে প্রকাশিত | ৪ | তারিখ | এফএসএম ইউ | ৩০/৬/২২ | লক্ষ্যমাত্রা | | | | ৩০/৬/ ২০২২ | | | |
| | | | | | | অর্জন | | | | | | | |
| ৩.৫ মাঠ পর্যায়ের অধিনস্থ অফিস সমূহের পরিদর্শনের জন্য সুনির্দিষ্ট পরিদর্শন ছক তৈরি ও হালনাগাদকরণ | ছক প্রস্তুতকরণ ও হালনাগাদকরণ | ৪ | তারিখ | বাজেট ও পরিকল্পনা | ৩১/১২/২০২১ ৩০/৬/২০২২ | লক্ষ্যমাত্রা | | ৩১/১২/ ২০২১ | | ৩০/৬/ ২০২২ | | | |
| | | | | | | অর্জন | | | | | | | |

বি:দ্র:- কোন ক্রমিকের কার্যক্রম প্রযোজ্য না হলে তার কারণ মন্তব্য কলামে উল্লেখ করতে হবে।

২৮/০৫/২১

(আব্দুর রউফ তালুকদার)
সিনিয়র সচিব
অর্থ বিভাগ

## সংযোজনী ৬: ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২ মন্ত্রণালয়/ বিভাগ পর্যায়ের অফিসের জন্য

| ক্রম | কর্মসম্পাদন ক্ষেত্র | মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | লক্ষ্যমাত্রা ২০২১-২০২২ | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | অসাধারণ | উত্তম | চলতি মান |
| | | | | | | | ১০০% | ৮০% | ৬০% |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১ | [১] ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন সংক্রান্ত কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | ২৯ | [১.১] উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন | [১.১.১] একটি নতুন উদ্ভাবনী ধারণা বাস্তবায়িত | তারিখ | ৫ | ১৬/০৩/২০২২ | ১৪/০৪/২০২২ | ০৫/০৫/২০২২ |
| | | | [১.২] সেবা সহজিকরণ | [১.২.১] একটি সেবা সহজিকৃত | তারিখ | ৫ | ২৫/০২/২০২২ | ০৪/০৩/২০২২ | ২৫/০৩/২০২২ |
| | | | [১.৩] সেবা ডিজিটাইজেশন | [১.৩.১] ন্যূনতম একটি সেবা ডিজিটাইজকৃত | তারিখ | ৫ | ৩০/১২/২০২১ | ১৩/০১/২০২২ | ২০/০১/২০২২ |
| | | | [১.৪] ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা সংক্রান্ত পর্যালোচনা সভা | [১.৪.১] সভা আয়োজিত | তারিখ | ৪ | ৩০/০৮/২০২১ | ১৫/০৯/২০২১ | ৩০/০৯/২০২১ |
| | | | [১.৫] ই-নথির ব্যবহার বৃদ্ধি | [১.৫.১] ই-ফাইলে নোট নিষ্পত্তিকৃত | % | ৬ | ৮০% | ৭০% | ৬০% |
| | | | [১.৬] ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে অবহিতকরণ সভা/কর্মশালা আয়োজন | [১.৬.১] সভা/কর্মশালা আয়োজিত | সংখ্যা | ৪ | ৪ | ৩ | ২ |
| ২ | [২] প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি | ২১ | [২.১] তথ্য বাতায়ন হালনাগাদকরণ | [২.১.১] তথ্য বাতায়নে সকল সেবা বক্স হালনাগাদকৃত | সংখ্যা | ৪ | ৪ | ৩ | ২ |
| | | | | [২.১.২] বিভিন্ন প্রকাশনা ও তথ্যাদি তথ্য বাতায়নে প্রকাশিত | সংখ্যা | ২ | ৪ | ৩ | ২ |
| | | | [২.২] ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [২.২.১] কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজিত | সংখ্যা | ৩ | ৪ | ৩ | ২ |
| | | | | [২.২.২]ই-গভর্ন্যান্স কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত অর্থ ব্যয়িত | % | ৩ | ৮০% | ৭০% | ৬০% |
| | | | | [২.২.৩] কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত সভা আয়োজিত | সংখ্যা | ৩ | ৪ | ৩ | ২ |
| | | | | [২.২.৪] কর্মপরিকল্পনার অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে/ ঊর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরিত | তারিখ | ৩ | ১৩/০১/২০২২ | ২০/০১/২০২২ | ২৭/০১/২০২২ |
| | | | | [২.২.৫] দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্যোগ পরিদর্শনকৃত | সংখ্যা | ৩ | ৩০/০৫/ ২০২২ | ৩০/০৬/ ২০২২ | - |

## সংযোজনী ৭: অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কর্মপরিকল্পনা, ২০২১-২০২২

| কর্মসম্পাদনের ক্ষেত্র | মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৯-২০ | প্রকৃত অর্জন ২০২০-২১ | লক্ষ্যমাত্রা ২০২১-২০২২ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ |
| প্রাতিষ্ঠানিক ব্যবস্থাপনা | ৫ | [১.১] অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) ও আপিল কর্মকর্তার তথ্য ওয়েবসাইটে ত্রৈমাসিকভিত্তিতে হালনাগাদকরণ | [১.১.১] অনিক ও আপিল কর্মকর্তার তথ্য হালনাগাদকৃত এবং ওয়েবসাইটে আপলোডকৃত | সংখ্যা | ৫ | - | - | ৪ | ৩ | - | - | - |
| পরিবীক্ষণ ও সক্ষমতা উন্নয়ন | ২০ | [২.১] নির্দিষ্ট সময়ে অনলাইন/ অফলাইনে প্রাপ্ত অভিযোগ নিষ্পত্তি এবং নিষ্পত্তি সংক্রান্ত মাসিক প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ | [২.১.১] অভিযোগ নিষ্পত্তিকৃত | % | ৮ | - | - | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | - |
| | | [২.২] কর্মকর্তা/কর্মচারীদের অভিযোগ প্রতিকার ব্যবস্থা এবং জিআরএস সফটওয়্যার বিষয়ক প্রশিক্ষণ আয়োজন | [২.২.১] প্রশিক্ষণ আয়োজিত | সংখ্যা | ৫ | - | - | ৪ | ৩ | ২ | ১ | - |
| | | [২.৩] ত্রৈমাসিক ভিত্তিতে পরিবীক্ষণ এবং ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ | [২.৩.১] ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরিত | সংখ্যা | ৩ | - | - | ৪ | ৩ | ২ | ১ | - |
| | | [২.৪] অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা | [২.৪.১] সভা অনুষ্ঠিত | সংখ্যা | ৪ | - | - | ২ | ১ | | - | - |

# সংযোজনী ৮: সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা, ২০২১-২০২২

| কার্যক্রমের ক্ষেত্র | মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৯-২০ | প্রকৃত অর্জন ২০২০-২১ | লক্ষ্যমাত্রা ২০২১-২০২২ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| ১ | ২ | ৩ | ৪ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ |
| প্রাতিষ্ঠানিক | ১০ | [১.১] সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন | [১.১.১] সিদ্ধান্ত বাস্তবায়িত | % | ৫ | - | - | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | - |
| | | [১.২] সেবা প্রদান প্রতিশ্রুতি ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদকরণ | [১.২.১] ওয়েবসাইটে প্রতি ত্রৈমাসিকে হালনাগাদকৃত | সংখ্যা | ৫ | - | - | ৪ | ৩ | | - | - |
| সক্ষমতা অর্জন ও পরিবীক্ষণ | ১৫ | [২.১] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক প্রশিক্ষণ আয়োজন | [১.১.১] প্রশিক্ষণ আয়োজিত | সংখ্যা | ১০ | - | - | ৪ | ৩ | ২ | ১ | - |
| | | [২.২] সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন | [১.৩.১] অবহিতকরণ সভা অনুষ্ঠিত | সংখ্যা | ৫ | - | - | ২ | ১ | - | - | - |

## সংযোজনী ৯: তথ্য অধিকার বিষয়ে ২০২১-২২ অর্থবছরের বার্ষিক কর্মপরিকল্পনা

| কর্মসম্পাদনের ক্ষেত্র | মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৯-২০ | প্রকৃত অর্জন ২০২০-২১ | লক্ষ্যমাত্রা ২০২১-২০২২ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ |
| প্রাতিষ্ঠানিক | ১০ | [১.১] তথ্য অধিকার আইন অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রদান | [১.১.১] নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রদানকৃত | % | ১০ | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| সক্ষমতা বৃদ্ধি | ১৫ | [১.২] স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্য হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ | [১.২.১] হালনাগাদকৃত তথ্য ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ০৩ | | | ৩১-১২-২০২১ | ১০-০১-২০২২ | ২০-০১-২০২২ | ৩১-০১-২০২২ | - |
| | | [১.৩] বার্ষিক প্রতিবেদন প্রকাশ | [১.৩.১] বার্ষিক প্রতিবেদন প্রকাশিত | তারিখ | ০৩ | | | ১৫-১০-২০২১ | ১৫-১১-২০২১ | ১৫-১২-২০২১ | - | - |
| | | [১.৪] তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৫ ধারা অনুসারে যাবতীয় তথ্যের ক্যাটাগরি ও ক্যাটালগ তৈরি/ হালনাগাদকরণ | [১.৪.১] তথ্যের ক্যাটাগরি ও ক্যাটালগ প্রস্তুতকৃত/হালনাগাদকৃত | তারিখ | ০৩ | | | ৩১-১২-২০২১ | ১০-০১-২০২২ | ২০-০১-২০২২ | ৩১-০১-২০২২ | - |
| | | [১.৫] তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ | [১.৫.১] প্রচার কার্যক্রম সম্পন্ন | সংখ্যা | ০৩ | | | ৩ | ২ | ১ | - | - |
| | | [১.৬] তথ্য অধিকার বিষয়ে কর্মকর্তাদের প্রশিক্ষণ আয়োজন | [১.৬.১] প্রশিক্ষণ আয়োজিত | সংখ্যা | ০৩ | | | ৩ | ২ | ১ | - | - |